

মানবজমিন

13.02.2019

পল্লী উন্নয়ন একাডেমির নতুন মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ

বগুড়া প্রতিনিধি: পল্লী উন্নয়ন একাডেমী বগুড়ার মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ করলেন আমিনুল ইসলাম। সর্বশেষ তিনি রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৮ সালে তিনি অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। ৮ম বিসিএস এর মাধ্যমে বিসিএস (প্রশাসন) ক্যাডারে নির্বাচিত হয়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে ১৯৮৯ সালের ২০শে ডিসেম্বর ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগ দেন। কর্মজীবনে তিনি দ্বিতীয় ও প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়ে দায়িত্ব পালন করেন। এছাড়াও সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রাজশাহীর বোয়ালিয়া মেট্রোপলিটন এলাকা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-রাজশাহী অঞ্চলের ম্যাজিস্ট্রেট, সিনিয়র সহকারী কমিশনার হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়, সহকারী পরিচালক হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগে ও উপ-পরিচালক হিসেবে এসএলজিডিএফ প্রকল্প (ইউএনডিপিআই, ইউএনসিডিএফ ফান্ডেড), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নাটোরের সদর উপজেলা, অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে (উপ-সচিব) কুমিল্লা জেলা প্রশাসকের কার্যালয় এবং কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার জোনাল সেটেলমেন্ট অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সিরাজগঞ্জের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের রাজশাহীর স্থানীয় সরকার বিভাগের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।